



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd. E-mail: info@bmeb.gov.bd. Fax: 58616681, 58617908, 9615576



মজিব
হাসন

স্মারক নং-বামাশিবো/প্রশা/খুলনা-১১/ ২৪৮/৫

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১

বিষয়ঃ রিট পিটিশন নং-১৭৮৫/২০২১ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে

সূত্র: ১। জনাব শেখ মোঃ শাহাবুদ্দিন (সাময়িক বরখাস্তকৃত সুপার) এর দরখাস্ত তাং ১৮/০১/২০২০ খ্রি.;
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৭৮৫/২০২১;
৩। নং-বামাশিবো/প্রশা/খুলনা-১১/২৩২/৪; তারিখ: ৩০/০৯/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে খুলনা জেলার রুপসা উপজেলাধীন এ,বি,সি,ডি,এস, হোসেনপুর সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও সরকারের বিরুদ্ধে জনাব শেখ মোঃ শাহাবুদ্দিন (সাময়িক বরখাস্তকৃত সুপার) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৭৮৫/২০২১ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ৩০.০৯.২০২১খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব শেখ মোঃ শাহাবুদ্দিন (সাময়িক বরখাস্তকৃত সুপার), ভারপ্রাপ্ত সুপার ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সাবেক সভাপতি অনুপস্থিত, ভারপ্রাপ্ত সুপার জনাব মোহাম্মাদ আবদুল জলিল এবং সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব শেখ মোঃ শাহাবুদ্দিন বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব শেখ মোঃ শাহাবুদ্দিনকে সুপার পদ থেকে সাময়িক বরখাস্ত করণ প্রক্রিয়া বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকুরিবিধি ১৯৭৯ এর বিধি ১৪(২) অনুসারে তদন্ত না হওয়ায় বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

সাময়িক বরখাস্ত প্রক্রিয়া সঠিক না হওয়ায় জনাব শেখ মোঃ শাহাবুদ্দিন পত্র জারির পর থেকে স্ব পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২১.১১.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. সভাপতি, এ,বি,সি,ডি,এস, হোসেনপুর সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা;
২. শেখ মোঃ শাহাবুদ্দিন, সুপার, এ,বি,সি,ডি এস হোসেনপুর সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা।
৩. জনাব মোঃ আবদুল জলিল, ভারপ্রাপ্ত সুপার, এ,বি,সি,ডি,এস, হোসেনপুর সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা, রুপসা, খুলনা।

স্মারক নং-বামাশিবো/প্রশা/খুলনা-১১/ ২৪৮/৫

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, খুলনা;
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, রুপসা, খুলনা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রুপসা, খুলনা;
৫. মোহাম্মাদ শিশির মনির, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


২১/১১/২১

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২১/১১/২১;